

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৫০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. দ্বিতীয় অনুচ্ছেদ - তাশাহুদের মধ্যে দু'আ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودِ قَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُسَلِّمُ عَنْ يَمِينِهِ: «السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ» حَتَّى يُرَى بَيَاضُ خَدِّهِ الْأَيْمَنِ وَعَنْ يَسَارِهِ: «السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ» حَتَّى يُرَى بَيَاضُ خَدِّهِ الْأَيْسَرِ. رَوَاهُ أَبُو دَاؤُدَ وَالنَّسَائِيِّ «السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ» حَتَّى يُرَى بَيَاضُ خَدِّهِ الْأَيْسَرِ. رَوَاهُ أَبُو دَاؤُدَ وَالنَّسَائِيِّ وَالتِّرْمِذِيُّ وَلَمْ يَذْكُرِ التِّرْمِذِيُّ حَتَّى يُرَى بَيَاضُ خَدِّهِ

বাংলা

৯৫০-[১২] 'আবদুল্লাহ ইবনু মাস্'ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে সালাম ফিরাবার সময় ''আসসালা-মু 'আলায়কুম ওয়া রহমাতুল্ল-হ'' বলে ডান দিকে মুখ ফিরাতেন, এমনকি তাঁর চেহারার ডান পাশের উজ্জ্বলতা নজরে পড়ত। আবার তিনি বাম দিকেও ''আসসালা-মু 'আলায়কুম ওয়া রহমাতুল্ল-হ'' বলে মুখ ফিরাতেন, এমনকি তাঁর চেহারার বাম পাশের উজ্জ্বলতা দৃষ্টিতে পড়ত। (আবূ দাউদ, তিরমিয়ী ও নাসায়ী)[1]

ইমাম তিরমিয়ী তাঁর বর্ণনায়, "এমন কি তাঁর চেহারার উজ্জ্বলতা দেখা যেত" এ বাক্য নকল করেননি।

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৬৬৯, তিরমিযী, নাসায়ী ১৩২৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ডান ও বাম দিকে সালাম দিতেন। সুতরাং শারী আতসম্মত হলো দু'টি সালাম সালাত (সালাত/নামায/নামাজ) হতে বের হওয়ার জন্য সালাম প্রথমে ডানদিকে। অতঃপর বামদিকে দিতেন السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ (আসসালা-মু 'আলায়কুম ওয়া রহমাতুল্ল-হ)। আর সহীহ ইবনু হিকানে ইবনু মাস'উদ-এর হাদীসে "ওয়া বারাকা-তুহু" শব্দ এসেছে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন